# ইসলামপুর উপজেলা পরিষদের আগস্ট, ২০২১ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব এস. এম. জামাল আব্দুন নাছের
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইসলামপুর, জামালপুর।
সভার তারিখ ও সময় : ১২ আগস্ট, ২০২১। সকাল ১১.০০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ হলরুম

উপস্থিতি : সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'খ' তে দেখানো হলো।

উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত ভাইস-চেয়ারম্যান, মহিলা ভাইস-চেয়ারম্যান, উপস্থিত সকল বিভাগীয় কর্মকর্তা, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এবং কমিটির অন্যান্য সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভার কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে আহবান জানানো হয়। সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

১। গত সভার কার্যবিবরণী অনুমোদনঃ

| আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়। | পাঠান্তে কোন বিষয়ে আপত্তি না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট সকল |

**২। বিভাগীয় কার্যক্রমের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ :**

| | | | |
|---|---|---|---|
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, কোভিড-১৯ মোকাবেলার জন্য ৪০ (চল্লিশ) হাজার টিকার চাহিদা পাঠানো হয়েছিল। কিন্তু ৭(সাত) হাজার টিকা বরাদ্দ পাওয়া যায়। বর্তমানে টিকা শেষ হওয়ায় নতুন করে টিকা দেয়া সম্ভব হচ্ছে না। টিকা কার্যক্রম আপাতত বন্ধ আছে। আগামী ১৪ আগস্ট, ২০২১ তারিখে নতুন টিকা পাওয়া সাপেক্ষে টিকাদান কর্মসূচি অব্যাহত থাকবে। এ বিষয়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আশপাশে পরিবেশ খুবই অপরিচ্ছন্ন অবস্থা রয়েছে, সেখান থেকে এডিস মশা বংশ বৃদ্ধি করে ডেঙ্গু ছড়াতে পারে। এ বিষয়ে জরুরি পদক্ষেপগ্রহণ করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হয়। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করা এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আশ পাশের পরিবেশ সুন্দর রাখাসহ এডিস মশা বংশ বিস্তাররোধকল্পে নিয়মিতভাবে হাসপাতালের চার পাশ পরিচ্ছন্ন রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ইসলামপুর |
| প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর ১ম কিস্তির বাবদ ২৬ লক্ষ ৯৩ হাজার টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। দ্রুত সময়ের মধ্যে প্রকল্প গ্রহণ করে বাস্তবায়ন করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা ও দ্রুত সময়ের মধ্যে প্রকল্প গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, ইসলামপুর, জামালপুর। |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, বর্তমানে আমন মৌসুমে ৯৭৬২ হেক্টর জমিতে আমন ধানের চাষাবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এ বছর বন্যা না হওয়ায় আবাদ লক্ষ্যমাত্রা ছাড়িয়ে যাবে আশা করা যাচ্ছে। রাসায়নিক সারের মজুদ সন্তোষজনক রয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার ইসলামপুর, জামালপুর। |
| প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার সভায় জানান যে, উত্তরাঞ্চলের সীমান্তবর্তী সুবিধাবঞ্চিত ৮৬ টি এলাকা ও নদীবিধৌত চরাঞ্চলে সমন্বিত প্রাণি সম্পদ উন্নয়ন প্রকল্প থেকে (২৬৩৫+১২)= ২৬৪৭ জন সুফলভোগী নির্বাচনের তালিকা প্রস্তুত করার জন্য ৭(টি) ইউনিয়ন থেকে ফিল্ড ফ্যাসিলিটেটর এর মাধ্যমে তথ্য সংগ্রহ করে উপজেলা কমিটির মাধ্যমে প্রক ল্প পরিচালকের কার্যালয়ে তালিকা প্রেরণ করতে হবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার ইসলামপুর, জামালপুর। |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, কোভিড-১৯ এর কারণে গত জুলাই/২১ মাসে জাতীয় মৎস্য সপ্তাহ পালন করা সম্ভব হয়নি। তবে কোভিড-১৯ পরিস্থিতি স্বাভাবিক হলে এ মাসে ২৮ তারিখে মৎস্য সপ্তাহ পালন করা হবে। এ বছর উন্মুক্ত জলাশয় ও প্রাতিষ্ঠানিক জলাশয়ে পোনা অবমুক্ত করা হবে। সংশ্লিষ্ট সকলকে উন্মুক্ত জলাশয় ও প্রাতিষ্ঠানিক জলাশয়ের তালিকা প্রেরণ করা জন্য অনুরোধ করা হয়। এছাড়া ইলিশ সম্পদ আহরণের জন্য ১০ জন ইলিশ জেলের কর্মসংস্থান করা হবে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা ও সংশ্লিষ্ট সকলকে উন্মুক্ত জলাশয় ও প্রাতিষ্ঠানিক জলাশয়ের তালিকা প্রস্তুত করে প্রেরণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা ম[illegible] অফিসার ইসলামপুর, জাম[illegible] ও সংশ্লিষ্ট সকল |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে পাশাপাশি চলমান কোভিট-১৯ পরিস্থিতি মোকাবেলায় সচেতনতামূলক কার্যক্রম চলমান রয়েছে। স্বাস্থ্যবিধি মেনে বাড়ী পরিদর্শনের মাধ্যমে পরিবার পরিকল্পনা মা ও শিশুস্বাস্থ্য সেবা ও করোনার বিষয়ে সচেতনতা কার্যক্রম পরিচালিত হচ্ছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| দুর্যোগ ও ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, গত অর্থ বছরের সকল প্রকল্পের কাজ শেষ পর্যায়ে রয়েছে। বিভিন্ন ক্ষতিগ্রস্থ রাস্তা মেরামত করতে হবে। এ বিষয়ে চেয়ারম্যান বেলগাছা ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, বেলগাছা ইউনিয়নের মন্নিয়াচরে ভূমিহীন ও গৃহহীনদের দুর্যোগ সহনীয় ঘর নির্মাণের ক্ষেত্রে সমস্যা সৃষ্টি হচ্ছে। সেখানে ইটের ঘর তোলা সম্ভব নয়, এর পরিবর্তে বিকল্প কিছু করা যায় কিনা সে বিষয়ে সভায় প্রস্তাব করেন। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয় এবং চরাঞ্চলের জন্য উপর্যুক্ত ডিজাইনের ঘর নির্মাণের প্রস্তাব কর্তৃপক্ষ বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, সকল ভাতা ভোগীদের ভাতা নগদের মাধ্যমে প্রদান করা হয়। তবে কিছু কিছু ভাতাভোগী নগদে ভাতা না পাওয়ায় অভিযোগ করেন। কিন্তু এ বিষয়ে আমাদের কিছু করার থাকে না। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজ সেবা অফিসার |
| শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, কোভিড-১৯ করোনা ভাইরাসের কারণে বিগত প্রায় ২ বছর যাবৎ শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। অনলাইনের মাধ্যমে ক্লাস পরিচালনা করা হলেও প্রান্তিক পর্যায়ের ছাত্র-ছাত্রীরা প্রযুক্তির বাইরে অবস্থান করছে, বিধায় তারা অনলাইনে ক্লাস করতে পারছে না। তাই শিক্ষকদের হোম ভিজিটের মাধ্যমে ছেলে-মেয়েদের পড়াশুনার খোঁজ-খবর রাখা হচ্ছে।<br>তিনি আরও জানান যে, সাপধরী ইউনিয়নের চরদিঘাইর সরকারি প্রাথমিক বিদ্যালয়টি নদী গর্ভে বিলীন হওয়ার উপক্রম হচ্ছে। এ বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা ও সাপধরী ইউনিয়নের চরদিঘাইর সরকারি প্রাথমিক বিদ্যালয়টি নদী গর্ভে বিলীন হওয়ার উপক্রম হওয়ায় জরুরি ভিত্তিতে পদক্ষেপ গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার ইসলামপুর, জামালপুর।<br>ও<br>সংশ্লিষ্ট সকল |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, করোনাকালীন অনলাইনে শিক্ষা কার্যক্রম চলছে। ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণির ছাত্র-ছাত্রীদের এসাইমেন্টের কার্যক্রম চলছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>ইসলামপুর, জামালপুর। |
| মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান যে, গত জানুয়ারি ২০২১ হতে ভিজিডি কার্যক্রম শুরু হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার<br>ইসলামপুর, জামালপুর |
| যুব ও ক্রীড়া বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার<br>ইসলামপুর, জামালপুর। |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| স্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) ইসলামপুর, জামালপুর। |
| পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) মাধ্যমে করোনার কারণে প্রান্তিক কৃষকদের মাঝে কৃষিপ্রণোদনা ঋণ প্রদানের কার্যক্রম হাতে নিয়েছে। উপকারভোগী কৃষকের তালিকা প্রস্তুত করে মাননীয় ধর্মপ্রতিমন্ত্রী, ধর্মবিষয়ক মন্ত্রনালয়ের মাধ্যমে ঋণের চেক বিতরণ করা হবে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ইসলামপুর, জামালপুর। |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার ইসলামপুর, জামালপুর। |
| বন ও পরিবেশ বিভাগ | ফরেস্টার, বন ও পরিবেশ বিভাগ সভায় জানান যে, মাননীয় জাতীয় সংসদ সদস্যর অনুকূলে ৫ হাজার করে মোট ১০ হাজার চারা রোপন করা হবে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেস্টার, বন ও পরিবেশ বিভাগ ইসলামপুর, জামালপুর। |
| বিদ্যুৎ বিভাগ | ডিজিএম পল্লী বিদ্যুৎ সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম পল্লী বিদ্যুৎ ও সংশ্লিষ্ট সকল |
| উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, ইসলামপুর পৌরসভায় ওএমএস ডিলারের মাধ্যমে স্বল্পমূলে চাউল ও আটা বিক্রয় করা হচ্ছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ইসলামপুর, জামালপুর। |

**৩। ১৭ কমিটি সুপারিশ ও সিদ্ধান্ত গ্রহণঃ**

| | | |
|---|---|---|
| ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, গত ১৫ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.১৮.০১৬.২০১৯-১১৭নং স্মারকমূলে উপজেলা পরিষদের কমিটির কার্যক্রম পরিচালনার নির্দেশনা (গাইডলাইন) প্রস্তুত করা হয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকল দপ্তরকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে সংশ্লিষ্ট সকল দপ্তরের উক্ত নির্দেশনা প্রতিপালনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |

**৪। সরকারি বিধি আলোচনা ও পর্যালোচনাঃ**

| | | |
|---|---|---|
| -- | -- | -- |

**৫। মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের সুপারিশের উপর আলোচনাঃ**

| | | |
|---|---|---|
| -- | -- | -- |

**৬। উপজেলা পরিষদের আয়-ব্যয় হিসাবের উপর আলোচনা ঃ**

| | | |
|---|---|---|
| ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, গত ১২/০৭/২০২১ তারিখে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে ৩৫,০৫,৭১০/- (পয়ত্রিশ লক্ষ পাঁচ হাজার সাতশত দশ) টাকা এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে ৭০,৬৯,৪৬৩/- (সত্তর লক্ষ উনসত্তর হাজার চারশত তিষট্টি) টাকা স্থিতি রয়েছে। দাপ্তরিক প্রয়োজনে উপজেলা রাজস্ব তহবিল এবং উন্নয়ন তহবিল ব্যবহারিক নির্দেশিকা মোতাবেক নিন্মোক্ত ব্যয় সম্পাদিত হয়েছে। | উপজেলা পরিষদের দাপ্তরিক প্রয়োজনে সম্পাদিত ব্যয় সমূহ উপস্থিত সদস্যগণের সর্বসম্মত ভোটে অনুমোদিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ইসলামপুর, জামালপুর। |

| ক্রঃ নং | ব্যয়ের সংক্ষিপ্ত বিবরণ | টাকার পরিমাণ |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়ের জুলাই/ ২০২১মাসের সম্মানিভাতা প্রদান | ৯৪০০০.০০ |
| ০২ | উপজেলা পরিষদের দৈনিক ভিত্তিতে নিয়োজিত ২ (দুই) জন কর্মচারীর জুলাই/২০২১ মাসের বেতন | ২১৯০০.০০ |
| ০৩ | উপজেলা পরিষদ মাসিক সভা ও উপজেলা নির্বাহী অফিসের আপ্যায়ন ও উপজেলা পরিষদের অন্যান্য আপ্যায়ন বাবদ ব্যয় | ৩৮০০০.০০ |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | উপজেলা পরিষদ আনুষাঙ্গিক ব্যয় বাবদ | ৫০০০.০০ | | |
| ০৫ | উপজেলা পরিষদ কম্পিউটার প্রিন্টারের টুনার ক্রয় | ১১০০০.০০ | | |
| খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, উপজেলা পরিষদের জীপ গাড়ীটি বিভিন্ন সমস্যা দেখা দিচ্ছে। জরুরি ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। মেরামত বাবদ প্রায় ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যয় হবে। | | | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের জীপ গাড়ী মেরামত খাত হতে ৫০,০০০/- টাকা ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ইসলামপুর, জামালপুর। |

৮। **বিবিধ ঃ**

| | | |
|---|---|---|
| ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদ কমপ্লেক্সের নিরাপত্তার জন্য প্রতিটি ইউনিয়ন হতে পর্যায়ক্রমে রাতে ২ জন ও দিনের বেলায় ১ জন করে দায়িত্ব পালনের বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে ১২ টি ইউনিয়ন পরিষদ হতে পর্যায়ক্রমে উপজেলা পরিষদের কমপ্লেক্সের নিরাপত্তার দায়িত্ব পালন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ সংশ্লিষ্ট ব্যয় উপজেলা পরিষদের নিরাপত্তা খাত থেকে মেটানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) |
| খ) ইসলামপুর সদর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সভায় জানান যে, হাট-বাজার উন্নয়ন খাত হতে পচাবহলা বাজারের শেড ও ড্রেন নির্মাণ করা প্রয়োজন। এছাড়া দক্ষিণ ধর্মকুড়া রাস্তা শামছুল দেওয়ানীর বাড়ীর সামনে রাস্তা জরুরি মেরামত করা প্রয়োজন। এ বিষয়ে সভায় আলোচনা হয়। | আলোচনান্তে হাট-বাজার উন্নয়ন খাত হতে পচাবহলা বজারের শেড নির্মাণ ও দক্ষিণ ধর্মকুড়া রাস্তা হতে শামছুল দেওয়ানীর বাড়ীর সামনে রাস্তা জরুরি মেরামতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট সকল |
| গ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইসলামপুর, জামালপুর সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়িত অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প (পিআরডিপি-৩) এর আওতায় ইসলামপুর উপজেলা অর্ন্তভূক্ত হলে পশ্চাৎপদ ও বিধস্ত যোগাযোগ ব্যবস্থার এ উপজেলার রাস্তা-ঘাটসহ অবকাঠামোগত উন্নয়ন হবে ফলে উপজেলার অর্থনৈতিক কর্মকান্ড সার্বিক উন্নয়নের নতুন দিক উন্মোচিত হবে। | বিস্তারিত আলোচনান্তে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়িত অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প (পিআরডিপি-৩) এর আওতায় ইসলামপুর উপজেলাকে অর্ন্তভূক্ত করার জন্য মাননীয় প্রতিমন্ত্রী ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের ডিও সহ প্রস্তাব প্রকল্প কার্যালয়ে প্রেরণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ঘ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদ ভবন ও উপজেলা প্রকৌশলীর অফিস ভবন এর কিছু জরুরি মেরামত যেমন রংকরণ, গেইট মেরামত, ছাদ সংস্কার, ড্রেন মেরামত, লাইটিংসহ কয়েকটি রুমের জরুরি সংস্কার প্রয়োজন। এ লক্ষ্যে নিম্নোক্ত প্রকল্প গ্রহণ করা প্রয়োজন।<br>১। উপজেলা প্রকৌশলীর অফিস ভবন সংস্কার বাবদ ২,০০,০০০/-<br>২। উপজেলা পরিষদ ভবন সংস্কার অংশ-১ বাবদ ২,০০,০০০/-<br>৩। উপজেলা পরিষদ ভবন সংস্কার অংশ-২ বাবদ ২,০০,০০০/- | আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের ব্যবহারিক নির্দেশিকা মোতাবেক উপজেলা পরিষদ ভবন সংরক্ষণ/মেরামত খাতে প্রকল্প কমিটি (পিআইসি) মাধ্যমে বিধি মোতাবেক ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | উপজেলা প্রকৌশলী ইসলামপুর, জামালপুর। |
| ঙ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাসভবন ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন দুইটি প্রায় ৪০/৭০ বছরের পুরনো। ভবন দুইটির অবকাঠামোগত অবস্থা খুবই ঝুঁকিপূর্ণ এবং আর অধিক মেরামত উপযোগী নয়। ভবন দুইটিতে বসবাস ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে। সার্বিক বিবেচনায় ভবন দুইটি পরিত্যাক্ত ঘোষণার উপযুক্ত। | সভায় বর্ণিত ভবন দুইটি পরিত্যাক্ত ঘোষণার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনটি বর্তমানে বসবাসের উপযোগি না হওয়ায় এবং বসবাসের জন্য ঝুঁকিপূর্ণ বিধায় ভবন দুইটি পরিত্যাক্ত ঘোষণার যোগ্য। সভায় ভবন দুইটি পরিত্যাক্ত ঘোষণার লক্ষ্যে জেলা কনডেমনেশন কমিটির নিকট প্রস্তাব প্রেরণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী ইসলামপুর, জামালপুর। |



CamScanner

| | | |
|---|---|---|
| | আলোচনান্তে এ উপজেলা বালু মহাল না হওয়া পর্যন্ত যমুনার মধ্যবর্তী স্থান হতে, যেখান থেকে বালু উত্তোলন করা হলে নদীর দুই তীরসহ নাব্যতার কোন ক্ষতির সম্ভাবনা থাকে না, সেখান থেকে বালু উত্তোলন করে সার্বিক উন্নয়ন কার্যক্রম অব্যাহত রাখার প্রস্তাব জেলা প্রশাসক বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ছ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, তাঁর অফিস কক্ষের অফিস টেবিল, চেয়ার বেশ পুরনো হয়েছে। নতুন একটি এক্সিকিউটিভ টেবিল, চেয়ার এবং ভিজিটর চেয়ার ক্রয় করা বিশেষ প্রয়োজন। উপজেলা পরিষদ চেয়ারম্যানের অফিস কক্ষের জন্য একটি এক্সিকিউটিভ চেয়ার, ভাইস চেয়ারম্যানদ্বয়ের অফিস কক্ষের টেবিলের গ্লাস ও দুইটি এক্সিকিউটিভ চেয়ার ক্রয় করা প্রয়োজন। এছাড়া উপজেলা পরিষদের হলরুমের জন্য ৫০ টি প্লাষ্টিকের চেয়ার ক্রয় করা প্রয়োজন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আসবাবপত্র খাত থেকে উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষে, উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয় এবং উপজেলা পরিষদের হলরুমের জন্য ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে উল্লেখিত আসবাবপত্র ক্রয়ের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ইসলামপুর, জামালপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(এস. এম. জামাল আব্দুন নাছের)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ইসলামপুর, জামালপুর।

স্মারকনং-৪৬.৪৫.৩৯২৯.০০০.০৬.৪৩.২০- ৬৪

তারিখঃ ২৮ শ্রাবণ ১৪২৮ / ১২ আগস্ট ২০২১

বিতরণ সদয় অবগতি/কার্যার্থে ঃ

১। মাননীয় সংসদ সদস্য, ১৩৯, জামালপুর-২।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, জামালপুর।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইসলামপুর, জামালপুর।
৫। মেয়র, ইসলামপুর পৌরসভা, ইসলামপুর, জামালপুর।
৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইসলামপুর, জামালপুর।
৭। উপজেলা ..........................................অফিসার (সকল), ইসলামপুর, জামালপুর।
৮। অফিসার ইন-চার্জ, ইসলামপুর থানা, ইসলামপুর, জামালপুর।
৯। চেয়ারম্যান,................................ (সকল) ইউপি, ইসলামপুর, জামালপুর।
১০। অফিস কপি।

১২.০৮.২১

(গোলাম মোরশেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ইসলামপুর, জামালপুর।



CamScanner